ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৬৪০
বিশ্রামগঞ্জ, ৩০ আগস্ট, ২০২৫

**উন্নয়ন কর্মসূচি রূপায়ন নিয়ে সিপাহীজলা জেলাভিত্তিক পর্যালোচনা সভা**

সিপাহীজলা জেলার জেলা শাসকের কনফারেন্স হলে গতকাল সিপাহীজলা জেলাভিত্তিক এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্তের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় জেলার বিভিন্ন গ্রাম পঞ্চায়েত, ভিলেজ কমিটি এবং ব্লক স্তরে সরকারী বিভিন্ন কর্মসূচির বাস্তবায়ন, সমস্যা এবং বিভিন্ন চলমান কর্মসূচির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় সভাধিপতি ব্লকস্তরে, পঞ্চায়েত স্তরে এবং ভিলেজ কমিটি স্তরে বিভিন্ন কাজকর্মের দ্রুত বাস্তবায়ন এবং সঠিকভাবে তদারকি করে নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য জনপ্রতিনিধি এবং সংশ্লিষ্ট আধিকারিকদের প্রতি আহ্বান জানান। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক উপেন্দ্র জমাতিয়া, চড়িলাম ব্লকের বিডিও কৃতিকা সাহা, পানীয়জল, বিদ্যুৎ, কৃষি, মৎস্য সহ বিভিন্ন দপ্তরের প্রতিনিধি এবং বিভিন্ন পঞ্চায়েত ও ভিলেজ কমিটির প্রতিনিধিগণ।

*****